গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১০ (মাধ্যমিক-১)
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-১১১৫

তারিখ ঃ ০৫ পৌষ, ১৪২৩
১৯ ডিসেম্বর, ২০১৬

**বিষয় ঃ সরকারি/বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০১৭ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি অনুমোদন।**

সূত্র ঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-ওএম/১৮৮-সম/২০০২/২৩৭৬, তারিখ : ১১.১২.২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি/বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০১৭ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছে :

| ক্রমিক | পর্বের নাম | তারিখ ও দিন | তারিখ বঙ্গাব্দ | দিন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | * ফাতেহা-ই-ইয়াজ দাহম | ১০ জানুয়ারি, মঙ্গলবার, ২০১৭ | ২৭ পৌষ, ১৪২৩ | ০১ দিন |
| ২. | শ্রী শ্রী সরস্বতী পূজা | ০১ ফেব্রুয়ারি, বুধবার, ২০১৭ | ১৯ মাঘ, ১৪২৩ | ০১ দিন |
| ৩. | * মাঘী পূর্ণিমা | ১০ ফেব্রুয়ারি, শুক্রবার, ২০১৭ | ২৮ মাঘ, ১৪২৩ | ০০ দিন |
| ৪. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, মঙ্গলবার, ২০১৭ | ০৯ ফাল্গুন, ১৪২৩ | ০১ দিন |
| ৫. | শ্রী শ্রী শিবরাত্রি ব্রত | ২৪ ফেব্রুয়ারি, শুক্রবার, ২০১৭ | ১২ ফাল্গুন, ১৪২৩ | ০০ দিন |
| ৬. | শুভ দোলযাত্রা | ১২ মার্চ, রবিবার, ২০১৭ | ২৮ ফাল্গুন, ১৪২৩ | ০১ দিন |
| ৭. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস | ১৭ মার্চ, শুক্রবার, ২০১৭ | ০৩ চৈত্র, ১৪২৩ | ০০ দিন |
| ৮. | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ, রবিবার, ২০১৭ | ১২ চৈত্র, ১৪২৩ | ০১ দিন |
| ৯. | বৈসাবি | ১২ এপ্রিল, বুধবার, ২০১৭ | ২৯ চৈত্র, ১৪২৩ | ০১ দিন |
| ১০. | বাংলা নববর্ষ | ১৪ এপ্রিল, শুক্রবার, ২০১৭ | ০১ বৈশাখ, ১৪২৪ | ০০ দিন |
| ১১. | ইস্টার সানডে | ১৬ এপ্রিল, রবিবার, ২০১৭ | ০৩ বৈশাখ, ১৪২৪ | ০১ দিন |
| ১২. | * শব-ই-মিরাজ | ২৫ এপ্রিল, মঙ্গলবার, ২০১৭ | ১২ বৈশাখ, ১৪২৪ | ০১ দিন |
| ১৩. | মে দিবস | ০১ মে, সোমবার, ২০১৭ | ১৮ বৈশাখ, ১৪২৪ | ০১ দিন |
| ১৪. | গ্রীষ্মকালীন অবকাশ, * বুদ্ধ পূর্ণিমা (বৈশাখি পূর্ণিমা ১০মে) * শব-ই-বরাত (১২ মে) | ০২ মে, মঙ্গলবার থেকে ১৩ মে শনিবার, ২০১৭ | ১৯ বৈশাখ থেকে ৩০ বৈশাখ ১৪২৪ | ১০ দিন |
| ১৫. | * পবিত্র রমজান, জুমাতুল বিদা (২৩ জুন), * শব-ই-কদর (২৩ জুন), * ঈদ-উল-ফিতর (২৬ জুন) | ২৮ মে, রবিবার থেকে ২৯ জুন, বৃহস্পতিবার, ২০১৭ | ১৪ জ্যৈষ্ঠ থেকে ১৫ আষাঢ়, ১৪২৪ | ২৯ দিন |
| ১৬. | শুভ জন্মাষ্টমী | ১৪ আগস্ট, সোমবার, ২০১৭ | ৩০ শ্রাবণ, ১৪২৪ | ০১ দিন |
| ১৭. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, মঙ্গলবার, ২০১৭ | ৩১ শ্রাবণ, ১৪২৪ | ০১ দিন |
| ১৮. | * পবিত্র ঈদ-উল-আযহা (০১, ০২, ০৩ সেপ্টেম্বর) | ৩০ আগস্ট, বুধবার থেকে ০৯ সেপ্টেম্বর, শনিবার, ২০১৭ | ১৫ ভাদ্র থেকে ২৫ ভাদ্র, ১৪২৪ | ০৯ দিন |
| ১৯. | * হিজরী নববর্ষ | ২২ সেপ্টেম্বর, শুক্রবার, ২০১৭ | ০৭ আশ্বিন, ১৪২৪ | ০০ দিন |
| ২০. | দুর্গাপূজা (বিজয়া দশমী, ৩০ সেপ্টেম্বর) * আশুরা (০১অক্টোবর) * প্রবারণা পূর্ণিমা (০৪ অক্টোবর), শ্রী শ্রী লক্ষী পূজা(০৫অক্টোবর) | ২৭ সেপ্টেম্বর, বুধবার থেকে ০৫ অক্টোবর, বৃহস্পতিবার, ২০১৭ | ১২ আশ্বিন থেকে ২০ আশ্বিন, ১৪২৪ | ০৮ দিন |
| ২১. | শ্রী শ্রী শ্যামা পূজা | ১৯ অক্টোবর,বৃহস্পতিবার,২০১৭ | ০৪ কার্তিক, ১৪২৪ | ০১ দিন |
| ২২. | * আখেরী চাহার সোম্বা | ১৫ নভেম্বর, বুধবার, ২০১৭ | ০১ অগ্রহায়ণ, ১৪২৪ | ০১ দিন |
| ২৩. | * ঈদ-ই- মিলাদুন্নবী (সাঃ) | ০১ ডিসেম্বর, শুক্রবার, ২০১৭ | ১৭ অগ্রহায়ণ, ১৪২৪ | ০০ দিন |
| ২৪. | বিজয় দিবস | ১৬ ডিসেম্বর, শনিবার ২০১৭ | ০২ পৌষ, ১৪২৪ | ০১ দিন |
| ২৫. | শীতকালীন অবকাশ, যিশু খ্রিস্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর), *ফাতেহা-ই-ইয়াজ দাহম (৩০ ডিসেম্বর) | ১৭ ডিসেম্বর, রবিবার থেকে ৩০ ডিসেম্বর, শনিবার, ২০১৭ | ০৩ পৌষ থেকে ১৬ পৌষ, ১৪২৪ | ১২ দিন |
| ২৬. | প্রধান শিক্ষকের সংরক্ষিত ছুটি | | | ০৩ দিন |
| | | | মোট = | ৮৫ দিন |

* চাঁদ দেখার উপর নির্ভরশীল।

*চলমান পাতা- ০২*

## পরীক্ষার সময়সূচি - ২০১৭

| পরীক্ষার নাম | তারিখ | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধ-বার্ষিক/প্রাক নির্বাচনী পরীক্ষা | ০৬ জুলাই, বৃহস্পতিবার থেকে ২২ জুলাই, শনিবার ২০১৭ পর্যন্ত | ১৪ দিন | ০৫ আগস্ট, শনিবার, ২০১৭ |
| নির্বাচনী পরীক্ষা | ১১ অক্টোবর, বুধবার থেকে ২৮ অক্টোবর, শনিবার ২০১৭ পর্যন্ত | ১৪ দিন | ০৫ নভেম্বর, রবিবার ২০১৭ |
| বার্ষিক পরীক্ষা | ২৮ নভেম্বর, মঙ্গলবার থেকে ১৩ ডিসেম্বর, বুধবার ২০১৭ পর্যন্ত | ১৪ দিন | ৩১ ডিসেম্বর, রবিবার ২০১৭ |

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০১৭ খ্রি: পর্যন্ত। ১ম কর্মদিবস অর্থাৎ ১ জানুয়ারি পাঠ্যপুস্তক দিবস হিসেবে উদযাপন করা হবে।

২. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত পরীক্ষার সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনী পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করতে হবে। প্রতি পরীক্ষার সময়কাল ১৪ দিনের বেশী হবে না।

৩. স্ব-স্ব বিদ্যালয় পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতিত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই বাহির থেকে প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতীত বছরে মোট ছুটি ৮৫ দিন । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল দিনকে সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে সে সকল দিন উক্ত ৮৫ দিনের অন্তর্ভূক্ত হবে।

৬. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে বিদ্যালয় ছুটি দেয়া যাবেনা এবং সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা/জেএসসি পরীক্ষা ইত্যাদি প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৯. জে.এস.সি/এস.এস.সি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতীত অন্যান্য বিদ্যালয়সমূহে যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

১০. প্রত্যেক বিদ্যালয়ে দৈনিক পাঠের বিবরণী নামে ডায়েরী ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিলি করতে হবে। এ ডায়েরীতে ছাত্র/ছাত্রী পরিচিতি, অভিভাকদের প্রতি পরামর্শ, ছাত্র/ছাত্রীদের আচরণ বিধি, শিক্ষকদের নাম ও শিক্ষাগত যোগ্যতা, ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরী নির্দেশাবলী, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন (এতে প্রতিদিন অভিভাকদের স্বাক্ষর নিতে হবে) অন্তর্ভূক্ত থাকবে।

১১. জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস যথা: ২১ ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২৬ মার্চ, ১৫ আগস্ট ও ১৬ ডিসেম্বর ক্লাস বন্ধ থাকবে। তবে সংশ্লিষ্ট দিবসের বিষয়ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে বিদ্যালয়ে দিবসটি উদযাপন করতে হবে।

১২. প্রতিটি বিদ্যালয়ে সরকার কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী সৃজনশীল মেধা অন্বেষণ দিবস ও শিক্ষা সপ্তাহ পালন করতে হবে।

২৭.১২.১৬

(নুসরাত জাবীন বানু)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৬৭৮০

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

**অনুলিপি :**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক/কলেজ/বিশ্ববিদ্যালয়)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।